

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৪৭

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২৩. দু' ঈদের সালাতের জন্য নারীদের বের হওয়া

بَابُ خُرُوجِ النِّسَاءِ فِي الْعِيدَيْنِ

আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ الصَّمَدِ عَنْ هِشَامٍ عَنْ حَفْصَةَ عَنْ
أُمِّ عَطِيَّةَ قَالَتْ أَمَرْنَا بِأَبِي هُوَ أَنْ نُخْرِجَ يَوْمَ الْفِطْرِ وَيَوْمَ النَّحْرِ الْعَوَاتِقَ وَذَوَاتِ الْخُدُورِ
فَأَمَّا الْحَيْضُ فَإِنَّهُنَّ يَعْتَزِلْنَ الصَّفَّ وَيَشْهَدْنَ الْخَيْرَ وَدَعْوَةَ الْمُسْلِمِينَ قَالَتْ قُلْتُ يَا
رَسُولَ اللَّهِ فَإِنْ لَمْ يَكُنْ لِإِحْدَاهُنَّ الْجِلْبَابُ قَالَ تَلْبِسُهَا أُخْتُهَا مِنْ جِلْبَابِهَا

বাংলা

১৬৪৭. উম্মে আতিয়া রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত । তিনি বলেন, তিনি (নবী) সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-আমার পিতা তাঁর জন্য কুরবান হোন- আমাদেরকে ঈদুল ফিতরের দিন এবং কুরবানীর ঈদের সালাতের জন্য বের করতে আদেশ করেছেন। বয়স্ক ও পর্দানশীল নির্বিশেষে সবার জন্য এ আদেশ। তবে ঋতুমতী মহিলারা কাতার (ঈদের সালাত) হতে দূরে থাকবে কিন্তু 'কল্যাণ ও মুসলিমদের দু'আতে অংশগ্রহণ করবে।" আমি আরয করলাম, ইয়া রাসুলুল্লাহ! যদি আমাদের কারো ওড়না থাকে না (সে কি করবে?) তিনি বললেন, "নিজের ওড়নার ভেতরে তার বোনকে নিয়ে (ওড়না পরিধানে) শরীক করবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। এটি বুখারী ও মুসলিম সম্মিলিতভাবে বর্ণনা করেছেন।

তাখরীজ: বুখারী, হায়েয ৩২৪; মুসলিম, সালাতুল ঈদাইন ৮৯০; ইবনু খুযাইমা নং ১৪৬৬; ইবনু আবী শাইবা ২/১৮২; বাইহাকী, ঈদাইন ৩/৩০৫, ৩০৬; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ২৮১৬, ২৮১৭ তে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উম্মু আতিয়্যাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81929>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন